



তথ্যবিবরণী

নম্বর-১০

আগামীকাল রাজশাহী আসছেন কৃষি মন্ত্রী

রাজশাহী; ১২ শ্রাবণ (২৭ জুলাই) :

কৃষি মন্ত্রী ড. মো: আব্দুর রাজ্জাক, এমপি এক দিনের সরকারি সফরে আগামীকাল বৃহস্পতিবার (২৮ জুলাই) রাজশাহী আসবেন। সকাল পৌনে নয়টায় তিনি বিমানযোগে রাজশাহী এসে পৌঁছবেন।

সকাল সাড়ে নয়টায় কৃষি মন্ত্রী শিল্পকলা একাডেমী অডিটোরিয়াম, রাজশাহীতে কৃষি মন্ত্রণালয় আয়োজিত 'বিদ্যমান শস্য বিন্যাসে তৈল ফসলের অন্তর্ভুক্তি এবং অন্যান্য ফসলের অধিক ফলনশীল জাতসমূহের উৎপাদন বৃদ্ধি' শীর্ষক কর্মশালায় অংশগ্রহণ করবেন।

দুপুর আড়াইটায় FAO কর্তৃক হোটেল গ্রান্ড রিভার ভিউ, রাজশাহীতে আয়োজিত 'কৃষি সেক্টর রূপান্তরে বিনিয়োগ' শীর্ষক কর্মশালায় অংশগ্রহণ করবেন।

এদিন সন্ধ্যা পৌনে সাতটায় মন্ত্রী ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ছেড়ে যাবেন।##

.....
তৌহিদ/আতিক/রুহুল/২০২২/১৭:৩০ ঘ.